NEW YORK STATE OF OPPORTUNITY. | Homes and Community Renewal

KATHY HOCHUL
গভর্নর

RUTHANNE VISNAUSKAS
কমিশনার/CEO

অভিবাসন অবস্থা, আবাসন বৈষম্য এবং ভাড়াটের হয়রানি বিষয়ক প্রায়ই জানতে চাওয়া প্রশ্নাবলী

1. **আবাসন বৈষম্য কী?**
   নিউ ইয়র্ক স্টেট হিউমেন রাইটস ল-র অধীনে, (1) নির্দিষ্ট কিছু সংরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে কোনো আবাসন ভাড়া দেওয়া, বিক্রি করা, লিজ দেওয়া, অর্থায়ন করা, বীমা করানো, আলোচনা করতে অস্বীকার করা অথবা অন্য ভাবে আটকে রাখা; (2) নির্দিষ্ট কিছু সংরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে বিভিন্ন নিয়ম ও শর্তাবলী নির্ধারণ করা বা অসম পরিষেবা প্রদান করা; (3) নিয়ম, নীতি, রীতি বা পরিষেবাগুলিতে যুক্তিসঙ্গত সুবিধা প্রদান করতে অস্বীকার করা, যখন এই ধরনের সুবিধাগুলি প্রতিবন্ধী ব্যক্তিকে বাসস্থান ব্যবহার এবং উপভোগ করার সমান সুযোগ প্রদানের জন্য প্রয়োজনীয় হতে পারে; (4) বৈষম্যমূলক বিবৃতি বা বিজ্ঞাপন তৈরি করা, ছাপানো, প্রকাশ বা প্রচার করা; (5) নির্দিষ্ট কিছু সংরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে আবাসনের প্রাপ্যতা সম্পর্কে মিথ্যা উপস্থাপনা করা; (6) তাদের অধিকার প্রয়োগ করতে চাওয়া ব্যক্তিদের উপরে হস্তক্ষেপ করা, বলপ্রয়োগ করা বা ভয় দেখানো; (7) ঋণের জন্য তথ্য প্রদান করতে অস্বীকার করা অথবা নির্দিষ্ট কিছু সংরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে ঋণের জন্য বিভিন্ন শর্তাবলী আরোপ করা; (8) সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে কাউকে হয়রানি করা, হুমকি দেওয়া, ভয় দেখানো বা বলপ্রয়োগ করা; এবং (8) কারো অধিকার অনুসারে প্রতিকার পেতে চাওয়ার জন্য তার উপরে প্রতিশোধ নেওয়া অবৈধ।

2. **আমার অভিবাসন অবস্থা যেমনই হোক না কেন, আমি কি নিউ ইয়র্ক স্টেট হিউমেন রাইটস ল এর আওতাভুক্ত?**
   হ্যাঁ। নিউ ইয়র্ক স্টেট হিউমেন রাইটস ল ("NYSHRL") দ্বারা নির্দিষ্ট সংরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে সমস্ত নিউ ইয়র্কবাসী বৈষম্য থেকে সুরক্ষিত, তাদের অভিবাসন অবস্থা নির্বিশেষে। বিভিন্ন এলাকার নিজস্ব আইনও থাকতে পারে যা অতিরিক্ত সুরক্ষা প্রদান করে। এই স্টেট এবং স্থানীয় আইনগুলির মধ্যে একটি বা একাধিক আইন আপনাকে জাতীয় উৎপত্তি, জাতি, ধর্মীয় উপধারা/ধর্ম, গায়ের রঙ, প্রতিবন্ধিতা, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, যৌন অভিমুখ, সামরিক অবস্থা, বয়স, যৌনতা, বৈবাহিক মর্যাদা, ঘরোয়া সহিংসতার শিকার ধরনের অবস্থা, আয়ের বৈধ উৎস, গ্রেপ্তার হবার ভাবী অবস্থা বা ব্যক্তির পক্ষে সমাধান করা কিছু দোষী সাব্যস্ততা বা পারিবারিক অবস্থা সহ বেশ কয়েকটি সংরক্ষিত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে বৈষম্য থেকে রক্ষা করে। 2022 সালের ডিসেম্বরে, নিউ ইয়র্ক স্টেট NYSHRL-তে "নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা" একটি সংরক্ষিত শ্রেণী হিসাবে যুক্ত করেছে। "নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা" পরিভাষাটিকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক নয় এমন যেকোনো ব্যক্তির নাগরিকত্ব বা যেকোনো ব্যক্তির অভিবাসন অবস্থা হিসাবে সংজ্ঞায়িত হয়েছে।[1] নিউ ইয়র্ক সিটি হিউমেন রাইটস আইনের অধীনেও অভিবাসন বা নাগরিকত্বের অবস্থা সংরক্ষিত।

   যেমন:

   - যদি কোনো বাড়িওয়ালা আপনার অ্যাপার্টমেন্ট মেরামত করতে অস্বীকৃতি জানান কারণ আপনি মেক্সিকান বংশোদ্ভূত, তাহলে এটি আইন লঙ্ঘন। আপনার জাতীয় উৎস বা অভিবাসন অবস্থা যাই হোক না কেন, আপনার বাড়িওয়ালাকে অবশ্যই বাসযোগ্যতার ওয়ারেন্টি বজায় রাখার দায়িত্ব পালন করতে হবে।
   - যদি আপনার অভিবাসন অবস্থার কারণে কোনো বাড়িওয়ালা আপনার কাছ থেকে ভাড়া বা উচ্চতর নিরাপত্তা আমানতের জন্য আলাদা পরিমাণ চার্জ করে, তাহলে অন্তত নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে তা অবৈধ।

3. **ভাড়াটে হয়রানি কী?**
   নিউ ইয়র্ক স্টেটের আইন এবং কিছু স্থানীয় আইন অনুসারে বাড়িওয়ালা এবং/অথবা বাড়িওয়ালার এজেন্ট(দের) দ্বারা ভাড়াটেকে হয়রানি করা নিষিদ্ধ। উদাহরণস্বরূপ, ভাড়া স্থিতিশীলকরণ আইন এবং নিউ ইয়র্ক সিটির স্থানীয় আইন অনুসারে কোনো বাড়িওয়ালা বা বাড়িওয়ালার পক্ষে কাজ করা কোনো ব্যক্তির পক্ষে এমন কোনো পদক্ষেপ নেওয়া অবৈধ যা কোনো ভাড়াটে ব্যক্তির স্বস্তি, শান্তি, বিশ্রাম বা শান্ত ভাবে বিনোদন উপভোগ করায় হস্তক্ষেপ করে বা ব্যাহত করার উদ্দেশ্য নিয়ে কাজ করে অথবা ভাড়াটেকে এই ধরনের আবাসন খালি করতে অথবা ভাড়াটেদের লিখিত লিজ বা অন্যান্য ভাড়া চুক্তির অধীনে ভাড়াটেদের এই ধরনের যেকোনো অধিকার ত্যাগ করতে বা ছেড়ে দিতে বাধ্য করে। উদাহরণস্বরূপ: যদি কোনো বাড়িওয়ালা আপনার অ্যাপার্টমেন্ট খালি করার জন্য পদক্ষেপ নেন, যেমন আপনার দরজায় ধাক্কা দেন, শীতকালে আপনার তাপ বন্ধ করে দেন অথবা আপনাকে মৌখিকভাবে গালিগালাজ করেন, তাহলে এটি অবৈধ ভাবে ভাড়াটেদের হয়রানি করার মতো কাজ।

[1] অনুগ্রহ করে মনে রাখবেন: NYSHRL আইন অনুসারে নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা যাচাইকরণে বাধা দেয় না। এছাড়াও, NYSHRL আইন অনুসারে নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা যাচাইকরণের উপর ভিত্তি করে কোনো প্রতিকূল পদক্ষেপ নিষিদ্ধ করার বাধা দেয় না। দেখুন NY CLS Exec § 292 (2025)।

4. **আমার অভিবাসন অবস্থা নির্বেশেষে, আমি কি ভাড়াটে হিসাবে হয়রানির শিকার হওয়া থেকে সংরক্ষিত?**
হ্যাঁ। প্রযোজ্য হতে পারে এমন বিভিন্ন আবাসন আইনের অধীনে আপনি ভাড়াটে হিসাবে হয়রানির শিকার হওয়া থেকে সংরক্ষিত। উদাহরণস্বরূপ, ভাড়া স্থিতিশীলকরণ আইন, যতক্ষণ আপনি ভাড়া-নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে থাকেন, আপনার অভিবাসন অবস্থা নির্বিশেষে আপনাকে সুরক্ষা দেয়। এছাড়াও, যদি আপনি একজন ভাড়া স্থিতিশীলকৃত ভাড়াটে হন, তাহলে আপনার বাড়িওয়ালার দিক থেকে আপনার লিজ নবায়নের শর্ত হিসেবে আপনার অভিবাসন অবস্থার তথ্য বা সোশ্যাল সিকিউরিটি নম্বর চাওয়া অবৈধ।[2]

আপনি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে আছেন কিনা তা জানতে, নীচের নম্বরে NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এর সাথে যোগাযোগ করুন। অন্যান্য অনুসন্ধানের জন্য এবং যদি আপনি আইনি পরামর্শ চান, তাহলে আপনি আপনার স্থানীয় আইনি পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে পারেন।

5. **জাতীয় উৎস জনিত বৈষম্য কী?**
জাতীয় উৎস জনিত বৈষম্য বলতে আপনার পূর্বপুরুষ, জাতিসত্তা বা জন্মস্থানের কারণে আবাসন বৈষম্য করাকে নিষিদ্ধ করা বোঝায়। নিউ ইয়র্ক স্টেট এর ন্যায্য আবাসন আইনগুলি জাতীয় উৎস অনুসারে বৈষম্য করাকে নিষিদ্ধ করে। আপনি বা আপনার পরিবার অন্য দেশের বলে কেউ আপনাকে আবাসনের সুযোগ থেকে বঞ্চিত করতে পারে না।

6. **আমি যদি মনে হয় যে আমি আবাসনজনিত বৈষম্যের শিকার হয়েছি তবে আমার কার সাথে যোগাযোগ করা উচিত?**
আপনি যদি বিশ্বাস করেন যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন, তাহলে আপনি যোগাযোগ করে অভিযোগ দায়ের করতে পারেন:

নিউ ইয়র্ক স্টেট
ডিভিশন অফ হিউমেন রাইটস
টোল ফ্রি (888) 392-3644
TDD/TTY (718) 741-8300
ফেয়ার হাউজিং: (844) 862-8703
মুখ্য পৃষ্ঠা: http://www.dhr.ny.gov/
ফেয়ার হাউজিং গাইড: https://dhr.ny.gov/system/files/documents/2024/04/nysdhr-fairhousing-brochure-2024.pdf

7. **আমি যদি মনে হয় যে আমি ভাড়াটে হিসাবে হয়রানির শিকার হয়েছি তাহলে আমার কার সাথে যোগাযোগ করা উচিত?**
যদি আপনি কোনো ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে থাকেন এবং মনে করেন যে আপনি ভাড়াটে হিসাবে হয়রানির শিকার হয়েছেন, তাহলে অনুগ্রহ করে নিম্নলিখিতদের সাথে যোগাযোগ করুন:

NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল টেন্যান্ট
প্রোটেকশন ইউনিট
ইমেইল: tpuinfo@hcr.ny.gov
মুখ্য পৃষ্ঠা: https://hcr.ny.gov/tenant-protection-unit
আপনি যদি কোনো ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে না থাকেন এবং মনে করেন যে আপনি ভাড়াটে হিসাবে হয়রানির শিকার হয়েছেন, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় আইনি পরিষেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

[2] অনুগ্রহ করে মনে রাখবেন: NYSHRL আইন অনুসারে নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা যাচাইকরণে বাধা দেয় না। এছাড়াও, NYSHRL আইন অনুসারে নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা যাচাইকরণের উপর ভিত্তি করে কোনো প্রতিকূল পদক্ষেপ নেওয়ায় বাধা দেয় না। দেখুন NY CLS Exec § 292 (2025)।